

পার্কিং টিকিট অথবা  
ক্যামেরা সংক্রান্ত কোন  
**উল্লেখ**  
হয়েছে কি?

# এখন কী করবেন?


আপনার যে কোন টিকিটের 30 দিনের মধ্যে জবাব দেওয়া বাধ্যতামূলক। এর পরে, দেবী করার জরিমানা ও সুদ ততদিন ধরে যুক্ত হতে থাকবে যতদিন না আপনি সেই টিকিটের অর্থ প্রদান করছেন অথবা তার বিরোধিতা করছেন। তৃতীয় জরিমানা যুক্ত হওয়ার পর আপনার গাড়িটিকে বিতাড়িত করা বা টেনে নিয়ে যাওয়ার ঝুঁকিও তৈরি হয়ে যাবে।

## আমার গাড়িটিকে বিতাড়িত করা বা টেনে নিয়ে যাওয়া হলে কী হবে?

সেটিকে বিতাড়িত করা হলে আপনার গাড়িতে স্টেটে দেওয়া বিতাড়নের নোটিসে দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। নোটিসে দেওয়া নম্বরে কল করুন, আপনার বাকি পড়া অর্থ প্রদান করুন এবং বিতাড়ন প্রত্যাহার করিয়ে নিন। আপনার গাড়িটিকে টেনে নিয়ে যাওয়া হলে সেটিকে [nyc.gov/finance](http://nyc.gov/finance) -এ খুঁজুন অথবা 311-এ যোগাযোগ করুন।


# জরিমানা এড়িয়ে চলুন এগুলি একটির উপর আরেকটি চাপতে পারে

জবাব না দিলে পার্কিং টিকিটের\* খরচ কতটা বেড়ে যেতে পারে তা দেখে নিন।



\* 30 দিনের পর, একটি \$25 জরিমানা জবাব না দেওয়া ক্যামেরা উল্লঙ্ঘনের জন্য যুক্ত হবে। এর সঙ্গে সুদও যুক্ত হতে পারে।

# কীভাবে অর্থপ্রদান করবেন



## NYC ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স বিজনেস সেন্টারস্

**BRONX:**  
3030 3rd Avenue,  
2nd floor  
**BROOKLYN:**  
210 Joralemon Street

**MANHATTAN:**  
66 John Street,  
2nd floor  
**QUEENS:**  
144-06 94th Avenue,  
Jamaica

**STATEN ISLAND:**  
350 St. Marks Place

### কাজের ঘন্টা

সোমবার-শুক্রবার  
সকাল 8:30টা থেকে বিকেল 4:30টে  
(সরকারী ছুটির দিনগুলিতে বন্ধ)

# আপনার টিকিটের অর্থপ্রদান করুন অথবা বিরোধিতা করুন

আপনার টিকিটের অর্থপ্রদান করার অথবা বিরোধিতা করার কয়েকটি উপায় আছে। আপনার টিকিট যন্ত্রে ছাপা হয়ে থাকলে, কয়েকদিনের মধ্যেই আমাদের ওয়েবসাইটে তার তথ্য পাওয়া যাবে। হাতে লেখা টিকিটের ক্ষেত্রে তথ্য আমাদের ওয়েবসাইটে প্রায় 3 সপ্তাহের মধ্যে পাওয়া যাবে। আপনার কত অর্থ বাকি পড়েছে অথবা আপনার টিকিটটি বিচারার্থীন রয়েছে কি না তা খুঁজে পেতে আপনার টিকিটের তথ্য অথবা লাইসেন্স প্লেট নম্বর প্রবেশ করান। আমাদের ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপ ব্যবহার করে কোন্ কোন্ পরিষেবা পাওয়া যাবে তা নীচের চার্টে দেখানো আছে।

তুলনা করুন	ওয়েবসাইট	মোবাইল অ্যাপ
আমাদের সিস্টেমে রয়েছে এমন টিকিটের অর্থপ্রদান করুন	✓	✓
আমাদের সিস্টেমে এখনো আসেনি এমন টিকিটের অর্থপ্রদান করুন	✓	✓
আমাদের সিস্টেমে রয়েছে এমন টিকিটের বিরোধিতা করুন	✓	✓
আমাদের সিস্টেমে এখনো আসেনি এমন টিকিটের বিরোধিতা করুন	✓	✓

## আমি কীভাবে আমার টিকিটের বিরোধিতা করতে পারি?

আপনি অনলাইনে, মোবাইল অ্যাপ-এর মাধ্যমে, ডাকযোগে অথবা সশরীরে আপনার টিকিটের বিরোধিতা করতে পারেন। বিরোধ রয়েছে এমন টিকিটের প্রায় অর্ধেকই খারিজ করা হয়।

- আপনি পার্কিং-এর চিহ্নের ফটোগ্রাফ পাঠালে আপনি যেখানে পার্ক করেছিলেন সেখানকার রাস্তার ধারের সবকটি চিহ্নই অন্তর্ভুক্ত করুন। ছবিতে পুরো রকম কোণ থেকে কোণ অবধি দেখতে পাওয়া আবশ্যিক, যাতে চিহ্নগুলির সামনের ও পিছনের দিক প্রদর্শিত থাকে। রাস্তার নামের একটি ছবি অন্তর্ভুক্ত করুন।
- আমাদের কাছে আপনার রেজিস্ট্রেশনের তথ্য তুল আছে মনে হলে তা জানাতে আমাদেরকে আপনার রেজিস্ট্রেশনের সঠিক তথ্যের একটি কপি পাঠিয়ে দিন।
- আপনি আমাদেরকে পার্কিং পারমিটের একটি কপি পাঠালে নিশ্চিত করে নিন যে সেটি আপনি যেখানে পার্ক করেছিলেন সেই এলাকার জন্য প্রযোজ্য।

## কোন টিকিটের বিরোধিতা করলে আমি কীভাবে বিচারকের সিদ্ধান্তও জানতে পারবো?

আপনার শুনানি অনলাইনে অথবা ডাকযোগে হয়ে থাকলে আমরা আপনাকে সেই সিদ্ধান্ত পাঠিয়ে দেবো। আপনার শুনানি কোনো NYC ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স বিজনেস সেন্টার-তে সশরীরে হয়ে থাকলে আপনি সঙ্গে সঙ্গেই সিদ্ধান্ত পেয়ে যাবেন। সিদ্ধান্তে আপনার কাছে অভিরিক্ত প্রমাণ প্রদান করতে বলা হলে নির্দেশাবলী অনুসরণ করা নিশ্চিত করুন ও আপনার টিকিটের নম্বর অন্তর্ভুক্ত করুন। আপনি দোষী সাব্যস্ত হলে আপনার 30 দিনের মধ্যে আপীল করার অধিকার থাকবে।

## আমার টিকিটটি বিচারার্থীন রয়েছে এর অর্থ কী?

আপনি প্রায় 100 দিনের মধ্যে অর্থপ্রদান বা বিরোধিতা না করলে সেটি বিচার প্রক্রিয়ায় যাবে। এর অর্থ হল সিটি জরিমানা ও সুদ সহ পুরো অর্থের জন্য আপনার বিরুদ্ধে অর্থ পরিশোধে অক্ষমতার রায়ের জন্য আইনি পদক্ষেপ নেবে। আপনার নাম সরকারী আদালতের রেকর্ডে প্রবেশ করানো হবে যাতে বলা হবে যে আপনি এই ঋণ পরিশোধ করেননি। সিটি ঋণ আদায় করার জন্য কিছু পদক্ষেপ নিতে পারে, যেমন, এটিকে কোন আদায় সংস্থার কাছে পাঠাতে পারে অথবা আপনার সম্পত্তি বাজেয়াপ্ত করতে পারে। রায়ে আপনার প্রদত্ত অর্থ \$350-এর বেশি হলে আপনার গাড়টিকে বিতাড়িত করা অথবা টেনে নিয়ে যাওয়া হতে পারে। আপনি বিচারের সময় একটি শুনানির অনুরোধ জানাতে পারেন কেবলমাত্র তা আপনার টিকিটটি বিচারার্থীন হওয়ার তারিখের একবছরের মধ্যে হলে। আপনাকে একটি ফর্ম পূরণ করতে হবে ([nyc.gov/finance](http://nyc.gov/finance)-তে পাওয়া যাবে) এবং রায়দানের পরে শুনানির আনুষ্ঠানিক আবেদন জানাতে হবে। আপনার অনুরোধ গ্রাহ্য হবে কি না তা একজন বিচারক নির্ধারণ করবেন। বিচারককে আপনার অনুরোধ গ্রাহ্য করতে আপনার সমর্থনে যে অক্যাটে প্রমাণ রয়েছে তা প্রমাণ করা আবশ্যিক। আপনাকে টিকিটটি বিচারার্থীন হওয়ার আগে আপনার জবাব না দেওয়ার কারণ দর্শানো আবশ্যিক।

আরও তথ্যের জন্য [nyc.gov/finance](http://nyc.gov/finance)  
পরিদর্শন করুন

